গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩২১ তারিখ: ১৯ কার্তিক ১৪২৭
০৪ নভেম্বর ২০২০

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ** সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

**০৪ নভেম্বর ২০২০ খ্রিঃ সকাল ১০.০০টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

খুলনা ,বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম এবং কক্সবাজার অঞ্চলসমূহের উপর দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**০৪ নভেম্বর ২০২০ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থা:** লঘুচাপের বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগরে অবস্থান করছে।

**পূর্বাভাস:** বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অধিকাংশ জায়গায়; খুলনা এবং চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় এবং ঢাকা বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বৃষ্টি/বজ্রবৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।

**তাপমাত্রা:** রংপুর, রাজশাহী ও ময়মনসিংহ বিভাগের রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে। এছাড়া দেশের অন্যত্র রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং সারাদেশের দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন):** বৃষ্টিপাতের প্রবণতা হ্রাস পেতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৩.০ | ৩২.৩ | ৩২.২ | ৩৩.০ | ৩২.৬ | ৩২.৬ | ৩২.৭ | ৩১.৪ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ১৮.৫ | ২১.৪ | ২২.৩ | ২৪.৪ | ১৭.৩ | ১৮.০ | ১৮.৭ | ২৪.৫ |

**গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ফরিদপুর ও শ্রীমঙ্গল ৩৩.০° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা রাজশাহী ও বদলগাছী ১৭.৩° সেঃ।**

**(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)**

## এক নজরে নদ-নদীর পরিস্থিতি

- সুরমা-কুশিয়ারা ব্যতীত দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে।
- দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।

**নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)**

| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১০১ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০০ |
|---|---|---|---|
| বৃদ্ধি | ১২ | **বিপদসীমার উপরে নদীর সংখ্যা** | ০০ |
| হ্রাস | ৮৭ | **বিপদসীমার উপরে স্টেশনের সংখ্যা** | ০০ |
| অপরিবর্তিত | ০২ | - | - |

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (১৯ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ/০৪ নভেম্বর, ২০২০ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):**

| ক্রঃ নং | জেলার নাম | পানি সমতল স্টেশন | নদীর নাম | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদসীমা (মিটার) | বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|---|---|
| - | - | - | - | - | - | - | - |

**বৃষ্টিপাতের তথ্য**

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

| স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) |
|---|---|
| - | - |

(সূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, পাউবো)

**অগ্নিকান্ডের তথ্যঃ**

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায় ০১ নভেম্বর, ২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০২ নভেম্বর ২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ১৪ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ**

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৩ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ১ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪। | সিলেট | ০ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ০ | ০ | ০ |
| ৬। | রংপুর | ০ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ৫ | ১ | ০ |
| ৮। | খুলনা | ৫ | ০ | ০ |
| | **মোট** | **১৪** | **১** | **০** |

## উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য):

১। **কুমিল্লাঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার টেলিফানে জানান যে, গত ০৩/১১/২০২০ তারিখ দুপুর ৩.৫৫ ঘটিকায় কুমিল্লা জেলার চান্দিনা উপজেলার হাঁড়িখোলা সকুলগেট এলাকায় একটি মাইক্রোবাসকে একটা ট্রাক ধাক্কা দিলে আগুন লাগে। ফায়ার সার্ভিসের ৩টি ইউনিট দ্রুত ঘটনাস্থলে গিয়ে দুপুর ০৪.২৩ ঘটিকায় আগুন নিয়ন্ত্রণে আনে। এ অগ্নিকান্ডে একজন আহত হয়েছে। এ অগ্নিকান্ডে একলক্ষ টাকার ক্ষতি হয়েছে এবং পঁচিশ লক্ষ টাকা উদ্ধার করা হয়েছে।

২। **শরীয়তপুরঃ** জেলা প্রশাসকের কার্যালয়ের স্মারক নং-৫১.০১.৮৬০০.০১৬.৪০.০১০.২০(অংশ-১).৭৭৪; তারিখঃ ০১/১১/২০২০ খ্রিঃ (ইমেইলে প্রাপ্তির সময় ৪.৩৬ ঘটিকা, ০৩/১১/২০২০ খ্রিঃ) এর মাধ্যমে জানিয়েছেন যে, গত ৩০/১০/২০২০ খ্রিঃ তারিখ শরীয়তপুর সদর উপজেলাধীন ডোমসার ইউনিয়নের পার্শ্বে ডোমসার জগৎচন্দ্র ইনস্টিটিউশন স্কুল এন্ড কলেজ মাঠে এক প্রীতি ফুটবল ম্যাচ চলাকালে আনুমানিক ৪.৪৫ টায় মাঠের পার্শ্বে নদীর পাড়ে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণ ঘটে। গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে এক (১) জন নিহত এবং দুই (২) জন আহত হয়েছে।

**টেবিলঃ ক (নিহত ব্যক্তির তালিকা)**

| ক্রঃ নং | উপজেলার নাম | নিহত ব্যক্তির নাম, পিতার নাম ও ঠিকানা | ঘটনার তারিখ | কারণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | শরীয়তপুর সদর | সাইদুর রহমান বেপারী (২৭), পিতা- মৃত ইউনুছ বেপারী, গ্রাম- দড়িহাওলা, পোঃ মজুমদারকান্দি, ইউনিয়নঃ ডোমসার, উপজেলাঃ শরীয়তপুর সদর, জেলাঃ শরীয়তপুর | ৩০/১০/২০২০ খ্রিঃ | অগ্নিকান্ডেনিহত | ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা প্রদান করা হয়েছে। |

**টেবিলঃ খ (আহত ব্যক্তির তালিকা)**

| ক্রঃ নং | উপজেলার নাম | নিহত ব্যক্তির নাম, পিতার নাম ও ঠিকানা | ঘটনার তারিখ | কারণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | শরীয়তপুর সদর | জাহিদুল বেপারী (৮), পিতা- মৃত সাইদুর রহমান বেপারী, গ্রাম- দড়িহাওলা, পোঃ মজুমদারকান্দি, ইউনিয়নঃ ডোমসার, উপজেলাঃ শরীয়তপুর সদর, জেলাঃ শরীয়তপুর | ৩০/১০/২০২০ খ্রিঃ | অগ্নিকান্ডেআহত | ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদান করা হয়েছে। |
| ২ | | সিহাব হোসেন আবির (৫), পিতা- দেলোয়ার মাদবর, গ্রাম- ডোমসার বাজার, পোঃ ডোমসার, ৩ নম্বর ওয়ার্ড, ইউনিয়নঃ ডোমসার, উপজেলাঃ শরীয়তপুর সদর, জেলাঃ শরীয়তপুর | | | ১৫,০০০/- (পনের হাজার) টাকা প্রদান করা হয়েছে। |

৪-১১-২০২০
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল:
controlroom.ddm@gmail.com

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩২১/১(১৬৬)

তারিখ: ১৯ কার্তিক ১৪২৭
০৪ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৭) বিভাগীয় কমিশনার (সকল)
৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯) জেলা প্রশাসক (সকল)
১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)

৪-১১-২০২০
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা